

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৯৩৮

আগরতলা, ১৭ আগস্ট, ২০২৪

**রাজ্যের গ্রামীণ এলাকায় ৬, ১৮,৮৬৩টি বাড়িতে পানীয় জলের সংযোগ**

‘অটল জলধারা মিশন’ ত্রিপুরা সরকার কর্তৃক বিগত ২৮ নভেম্বর, ২০১৮ তারিখে ঘোষিত একটি প্রকল্প যার দ্বারা রাজ্যের প্রতিটি বাড়িতে বিনামূল্যে পাইপলাইনের মাধ্যমে পানীয় জলের সংযোগ দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। পরবর্তীতে কেন্দ্রীয় সরকার কর্তৃক বিগত ১৫ আগস্ট, ২০১৯ তারিখে দেশের গ্রামীণ এলাকার প্রতিটি বাড়িতে পাইপলাইনের মাধ্যমে পানীয় জলের সংযোগ দেওয়ার জন্য জল জীবন মিশন নামক প্রকল্প ঘোষণা করা হয়েছে। বর্তমানে রাজ্যের গ্রামীণ এলাকায় ‘অটল জলধারা মিশন’ প্রকল্প বাস্তবায়নের কাজ কেন্দ্রীয় সরকার ঘোষিত জল জীবন মিশন প্রকল্পের মাধ্যমে করা হচ্ছে।

অটল জলধারা মিশন প্রকল্প ঘোষণার পূর্বে রাজ্যের গ্রামীণ এলাকায় মোট ১৯,২৫১টি বাড়িতে পাইপ লাইনের মাধ্যমে পানীয় জলের সংযোগ ছিল। ১১ আগস্ট, ২০২৪ পর্যন্ত রাজ্যের গ্রামীণ এলাকায় সর্বমোট ৬, ১৮,৮৬৩টি বাড়িতে পানীয় জলের সংযোগ পৌছে দেওয়া হয়েছে। এই প্রকল্পের অধীনে রাজ্যের গ্রামীণ এলাকায় ১ আগস্ট, ২০২৪ তারিখ থেকে ১১ আগস্ট, ২০২৪ তারিখ পর্যন্ত মোট ১,৮১০টি বাড়িতে পানীয় জলের সংযোগ পৌছে দেওয়া হয়েছে। এর মধ্যে উত্তর ত্রিপুরা জেলায় ৮৬টি, পশ্চিম ত্রিপুরা জেলায় ২১৫টি, উন্কোটি জেলায় ৪৩টি, সিপাহীজেলা জেলায় ৩৪৯টি, ধলাই জেলায় ২৬৮টি, গোমতী জেলায় ১৭১টি, খোয়াই জেলায় ৩৮৩টি, দক্ষিণ ত্রিপুরা জেলায় ২৯৫টি জলের সংযোগ দেওয়া হয়েছে। পানীয় জল ও স্বাস্থ্যবিধান দপ্তরের পক্ষ থেকে এক বিবৃতিতে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*